

তারিখ
পৃষ্ঠা ... কলাম ...

জাবিতে ছাত্রদল বেপরোয়া ॥ কর্মচারী ছাত্রলীগ কর্মী কেউ রেহাই পাচ্ছে না

জাবি সংবাদমাতা ॥ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ছাত্রদলের সন্ত্রাসী কর্মকাণ্ড দিন দিন বাড়ছে। গত শনিবার রাত দশটায় ছাত্রদল ক্যাডাররা কামালউদ্দিন হলে ছাত্রলীগের দুই কর্মী রুপম ও বাপ্পীকে বেদম প্রহার করেছে। এ নিয়ে গত এক সপ্তাহে ছাত্রদল ক্যাডারদের হামলায় এক কর্মচারীসহ ৪ ছাত্রলীগ কর্মী আহত হওয়ার ঘটনা ঘটেছে।

প্রত্যক্ষদর্শী সূত্রে জানা যায়, গত শনিবার রাত সাড়ে দশটায় কামালউদ্দিন হলে ছাত্রদলের ৫/৬ জনের একটি দল রুপম (দর্শন) ও বাপ্পীকে (ন্যাট্যতত্ত্ব) মারধর করে। পরবর্তী সময়ে আহত রুপমকে সাতার রাবেয়া ক্লিনিকে ভর্তি করা হয়। এদিকে গত শুক্রবার বিশ্ববিদ্যালয়ের ভাসানী হলে ছাত্রদলের কর্মী কবীর (দর্শন) ও আসাদ (দর্শন) এক শ' টাকা ভাণ্ডি না দেয়ায় সুপারিন্টেন্ডেন্ট চা বিক্রমতা আবুল কালাম হাওলাদারকে বেট দিয়ে পিটিয়ে মারাত্মকভাবে আহত করে। আবুল কালাম হাওলাদার বিশ্ববিদ্যালয়ের উদ্ভিদ বিজ্ঞান বিভাগের

দিয়েন। এ ব্যাপারে গতকাল রবিবার সে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর বরাবর বিচার চেয়ে অভিযোগ দায়েত করেছে। অপরদিকে গত শনিবার জাবি ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক তৈয়বুর রহমান তুহিনকে রড ও হাঁতুড়ি দিয়ে নির্মমভাবে পিটিয়ে আহত করেছে ছাত্রদল সহসভাপতি জাহিদ চৌধুরী (ভূগোল) ও বহুলুল (ভূগোল)।

উল্লেখ্য, চারদলীয় জোট সরকার ক্ষমতা গ্রহণের পর থেকে ছাত্রদলের হামলায় এ নিয়ে প্রায় অর্ধশতাধিক ছাত্রলীগ নেতাকর্মী আহতের ঘটনা ঘটল। হামলার আশঙ্কায় আরও অর্ধশতাধিক ছাত্রলীগ নেতাকর্মী ক্যাম্পাসে অবস্থান করতে পারছে না। এ ব্যাপারে ছাত্রলীগ জাবি সভাপতি মেহেদী জামিল বলেন, বিশ্ববিদ্যালয় প্রশাসনকে বারবার এ ব্যাপারে অবহিত করার পরও তারা কোন ব্যবস্থা নিচ্ছে না। প্রশাসন সহবস্থানের আশ্বাস দিয়েও তা বাস্তবায়ন করছে না।